

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
(মহিলা বিষয়ক শাখা)  
নবীনগর, ব্রাক্ষণবাড়িয়া।

স্মারক নং-৩২.০১.১২৮৫.০০০.১৮.০৭৩.২১- ২৯

তারিখ : ০৮/০৮/২০

### নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “ কিশোর-কিশোরী ক্লাব স্থাপন ” প্রকল্পের আওতায় নবীনগর উপজেলার অধীনে স্থাপিত ক্লাব সমূহের জন্য দৈনিক ভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ী ভাবে প্রকল্পের মেয়াদকালীন সময়ে নিম্নোক্ত পদ সমূহের নিয়োগের লক্ষ্যে যোগ্য ও আবাহী প্রার্থী হিসেবে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে ।

ক্র/নং	পদের নাম/স্বরূপ্য বেতন	পদের সংখ্যা	যোগ্যতা
১।	সংগীত শিক্ষক দৈনিক ভিত্তিক ৫০০/- (সপ্তাহে একদিন)	০২	এস,এস,সি পাশ এবং সংগীত বিষয়ে ডিপ্লোমা/শিল্পকলা একাডেমির প্রশিক্ষণ সনদপ্রাপ্ত/রেডিও/টিভির তালিকাভুক্ত শিল্পী/সংগীত শিক্ষক হিসেবে প্রতিষ্ঠিত কোন একাডেমিতে কর্মরত । মহিলা প্রার্থীদের অগাধিকার দেয়া হবে । তবে উল্লেখ্য যে, অভিজ্ঞ প্রার্থীদের বয়স ও যোগ্যতা শিখিলযোগ্য ।
২।	আবৃত্তি/কষ্টশীলন শিক্ষক দৈনিক ভিত্তিক ৫০০/- (সপ্তাহে একদিন)	-	এস,এস,সি পাশ এবং আবৃত্তি/কষ্টশীলন বিষয়ে ডিপ্লোমা/শিল্পকলা একাডেমির প্রশিক্ষণ সনদপ্রাপ্ত আবৃত্তি কষ্টশীলন শিক্ষক হিসেবে প্রতিষ্ঠিত কোন একাডেমিতে কর্মরত । মহিলা প্রার্থীদের অগাধিকার দেয়া হবে । তবে উল্লেখ্য যে, অভিজ্ঞ প্রার্থীদের বয়স ও যোগ্যতা শিখিলযোগ্য ।

#### শর্তাবলী :

০১. প্রার্থীকে আগামী ২০/০৮/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, নবীনগর, ব্রাক্ষণবাড়িয়া বরাবরে লিখিতভাবে আবেদন করতে হবে ।
০২. সংগীত শিক্ষক ও আবৃত্তি শিক্ষক হিসেবে নিয়োগ লাভের জন্য প্রার্থীকে অবশ্যই নবীনগর উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে ।
০৩. সরকার নির্ধারিত কোটা (শহীদ মুক্তিযোদ্ধা বা মুক্তিযোদ্ধাদের সন্তানের সন্তান/ এতিম খানা নিবাসী ও শারিয়াক প্রতিবন্ধী, উপজাতি আনসার ও ভিত্তিপি) প্রার্থীদের ক্ষেত্রে কোটা সংক্রান্ত বিষয় সর্বশেষ সরকারি সিদ্ধান্ত অনুযায়ী হবে ।
০৪. আগামী ৩০/০৩/২০২৩ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স অনুরূপ ৩০ বছরের মধ্যে হতে হবে । তবে অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিখিলযোগ্য । তবে নির্ধারিত বয়স সীমার মধ্যে কোন যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিখিলযোগ্য ।
০৫. আবেদনের সাথে প্রার্থীর সম্পত্তি ০৩ (তিনি) কপি পাসপোর্ট সাইজের রঞ্জীন ছবি সংযুক্ত করতে হবে ।
০৬. আবেদনপত্রে খামের উপরে ডান পার্শ্বে পদের নাম লিখতে হবে ।
০৭. চাকুরীর প্রার্থীদের আবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে ।
০৮. আবেদন পত্রের সাথে শিক্ষাগত যোগ্যতার সনদ, অভিজ্ঞতার সনদ, জন্মনিবন্ধন/জাতীয় পরিচয়পত্রের সনদ ০১ কপি করে ফটোকপি ১ম শ্রেণীর কর্মকর্তার মাধ্যমে সত্যায়িত করে জমা দিতে হবে ।
০৯. নির্ধারিত তারিখের পর প্রাণ কোন আবেদনপত্র এবং অসম্পূর্ণ আবেদন গ্রহণযোগ্য হবে না ।
১০. বিজ্ঞপ্তিতে পদের সংখ্যা হ্রাস বৃদ্ধি বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং চাকুরীতে নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে ।
১১. পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ বা ডিএ প্রদান করা হবে না ।
১২. কর্তৃপক্ষ কোন কারণ দর্শনো ব্যাতিরেকে এ নিয়োগের যে কোন প্রক্রিয়া স্থগিত/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন ।
১৩. আবেদনপত্র উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় নবীনগর, ব্রাক্ষণবাড়িয়া-এ অফিস চলাকালীন সময়ে জমা দিতে হবে এবং নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না ।

স্মারক নং-৩২.০১.১২৮৫.০০০.১৮.০৭৩.২১-

অনুলিপি সদয় অবগতির জন্য :

১. মানবীয় সংসদ সদস্য, ব্রাক্ষণবাড়িয়া-৫, নবীনগর ।
২. জেলা প্রশাসক, ব্রাক্ষণবাড়িয়া ।
৩. প্রকল্প পরিচালক, কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা ।
৪. উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ব্রাক্ষণবাড়িয়া ।
৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবীনগর, ব্রাক্ষণবাড়িয়া ।
৬. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবীনগর, ব্রাক্ষণবাড়িয়া ।
৭. ..... অফিসার, নবীনগর, ব্রাক্ষণবাড়িয়া ।
৮. চেয়ারম্যান ..... ইউনিয়ন পরিষদ, নবীনগর, ব্রাক্ষণবাড়িয়া ।
৯. অফিস কপি ।

(একরামূল ছবিদিক)

উপজেলা নির্বাহী অফিসার

নবীনগর, ব্রাক্ষণবাড়িয়া ।

তারিখ :

Kabita.04.23

(কবিতা ইসলাম)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

নবীনগর, ব্রাক্ষণবাড়িয়া ।